যখন রমযানের শেষ দশক প্রবেশ করত, তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রাতে নিজে জাগতেন, নিজ পরিজনদেরকেও জাগাতেন, কঠোর পরিশ্রম করতেন এবং লুঙ্গি বেঁধে নিতেন।

উম্মুল মু’মিনীন ‘আয়েশা রাদিয়াল্লাহু ‘আনহা থেকে বর্ণিত, তিনি বলেন: যখন রমযানের শেষ
দশক প্রবেশ করত, তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রাতে নিজে জাগতেন, নিজ পরিজনদেরকেও জাগাতেন, কঠোর পরিশ্রম করতেন এবং লুঙ্গি বেঁধে নিতেন।
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

যখন রমযানের শেষ দশ রাত প্রবেশ করত তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজে সারা রাত সকল প্রকার ইবাদতের মাধ্যমে জেগে থাকতেন, নিজ পরিবার পরিজনদেরকেও সালাতের জন্য জাগাতেন, ইবাদতে তাঁর স্বভাবের চেয়ে বেশী কঠোর পরিশ্রম করতেন। এর জন্যই ফারিগ হতেন এবং স্ত্রী সংসর্গ বর্জন করতেন।

http://sunnah.global/hadeeth/bn/show/4944